গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সদস্য, আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন

এবং

সচিব, পরিকল্পনা বিভাগ (মাননীয় পরিকল্পনা মন্ত্রীর প্রতিনিধি)-এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০১৭ - জুন ৩০, ২০১৮

সূচিপত্র

মন্ত্রণালয় বিভাগের/কর্মসম্পাদনের সার্বিক চিত্র

প্রস্তাবনা

সেকশন ১: আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগের রূপকল্প, অভিলক্ষ্য, কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলী

সেকশন ২: মন্ত্রণালয়/বিভাগের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব

সেকশন ৩: অগ্রাধিকার, কৌশলগত উদ্দেশ্য, কর্মসম্পাদন সূচক, কার্যক্রম এবং লক্ষ্যমাত্রাসমূহ

সংযোজনী ১: শব্দসংক্ষেপ

## মন্ত্রণালয়/বিভাগের কর্মসম্পাদনের সার্বিক চিত্রঃ

সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা

সাম্প্রতিক অর্জনঃ

পরিকল্পনা কমিশনের এ বিভাগের আওতায় ০৮টি সেক্টরের (৩৫টি মন্ত্রণালয়/বিভাগ) উন্নয়ন প্রকল্প অনুমোদন প্রক্রিয়া করা হয়।গত ২০১৬-১৭ অর্থবছরে শিক্ষা সেক্টরে ২৩ টি নতুন এবং ১৭ টি সংশোধিতসহ মোট ৪০ টি প্রকল্প অনুমোদিত হয়েছে। এর মধ্যে প্রাথমিক শিক্ষা অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন ৯১২৩.৮৫ কোটি টাকা ব্যয়ে 'চাহিদাভিত্তিক সরকারী প্রাথমিক বিদ্যালয় উন্নয়ন ১ম পর্যায় (জুলাই, ২০১৬ হতে ডিসেম্বর, ২০২২)' -শীর্ষক প্রকল্প, ৫৭৪০.৫৯ কোটি টাকা ব্যয়ে চাহিদাভিত্তিক নতুন জাতীয়করণকৃত সরকারী প্রাথমিক বিদ্যালয় উন্নয়ন প্রকল্প- ১ম পর্যায় (জুলাই, ২০১৬ হতে ডিসেম্বর, ২০২২) -শীর্ষক প্রকল্প , এবং মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন ৪৬৪০.০০ কোটি টাকা ব্যয়ে 'সরকারি মাধ্যমিক বিদ্যালয়সমূহের উন্নয়ন (জানুয়ারি, ২০১৭ হতে জুন, ২০২০)' -শীর্ষক প্রকল্প, ১৮০৫. ৫৪ কোটি টাকা ব্যয়ে 'সরকারি কলেজসমূহে বিজ্ঞান শিক্ষার সুযোগ সম্প্রসারণ (জানুয়ারি, ২০১৭হতে জুন, ২০২১)' -শীর্ষক প্রকল্প উল্লেখযোগ্য।

স্বাস্থ্য ও পুষ্টি সেক্টরে ০৭ টি নতুন এবং ০৩টি সংশোধিতসহ মোট ১০ টি প্রকল্প অনুমোদিত হয়েছে। এ সেক্টরে বাংলাদেশের সর্বস্তরের সাধারণ জনগণের স্বাস্থ্যের টেকসই উন্নয়নের লক্ষ্যে ৪৪০০০ কোটি টাকা ব্যয়ে স্বাস্থ্য, জনসংখ্যা ও পুষ্টি সেক্টর কর্মসূচী (এইচপিএনএসপি) শীর্ষক কর্মসূচী গ্রহণ করা হয়েছে। বাংলাদেশ সরকারের উন্নয়ন নীতিমালার সাথে সংগতি রেখে স্বাস্থ্য, পুষ্টি, জনসংখ্যা ও পরিবার কল্যাণ সেক্টরের আওতায় দেশের সকল নাগরিক বিশেষ করে অসহায় জনগোষ্ঠি যেমন- শিশু, মহিলা, বৃদ্ধ ও নারীদের স্বাস্থ্য, পুষ্টি ও প্রজনন স্বাস্থ্যের টেকসই উন্নয়নের লক্ষ্যে স্বাস্থ্য, জনসংখ্যা ও পুষ্টি সেক্টর উন্নয়ন কর্মসূচি (HPNSP) বাস্তবায়িত হবে।

জনপ্রশাসন সেক্টরে ১০ টি নতুন এবং ০৮ টি সংশোধিতসহ মোট ১৮ টি প্রকল্প অনুমোদিত হয়েছে। উল্লেখযোগ্য প্রকল্পসমূহের মধ্যে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের ''মডার্নাইজেশন অব ফায়ার সার্ভিস এন্ড সিভিল ডিফেন্স''-শীর্ষক প্রকল্প, পরিকল্পনা মন্ত্রণালয়ের ''মধ্যমেয়াদী উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন ও পরিবীক্ষণ (প্রিপারেশন এন্ড মনিটরিং অব মিডিয়াম টার্ম ডেভেলপমেন্ট প্লানস)''-শীর্ষক প্রকল্প, অভ্যন্তরীণ সম্পদ বিভাগের ''মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন-২০১২ (ভ্যাট অনলাইন)''-শীর্ষক প্রকল্প, জনপ্রশাসন মন্ত্রণালয়ের ''ইমপ্রুভিং পাবলিক সার্ভিস থ্রু টোটাল কোয়ালিটি ম্যানেজমেন্ট''-শীর্ষক কারিগরি সহায়তা প্রকল্প অন্যতম।

বিজ্ঞান, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি সেক্টরে ১৫ টি নতুন ও ০৪টি সংশোধিতসহ মোট ১৯ টি প্রকল্প অনুমোদিত হয়েছে। উল্লেখযোগ্য প্রকল্পসমূহের মধ্যে আইসিটি সাবসেক্টরে আইসিটি-এর সম্প্রসারণের লক্ষ্যে হাই-টেক পার্ক স্থাপন, বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ, অধিদপ্তর, পরিদপ্তর, জেলা ও উপজেলা প্রশাসনের মধ্যে পারস্পারিক তথ্য আদান প্রদানের জন্য ডাটাবেজ নির্মাণ ও উন্নত প্রযুক্তিগত সংযোগ স্থাপন, আইসিটি বিষয়ে ফ্রি-ল্যান্সার তৈরির লক্ষ্য লার্নিং এন্ড আর্নিং প্রকল্প বাস্ত বায়ন, আইটি শিল্পকে বিশ্বমান উপযোগী করার জন্য আইটি পার্ক স্থাপন প্রভৃতি কার্যক্রম গ্রহণ করা হয়েছে। বিজ্ঞান ও প্রযুক্তি সাবসেক্টরে রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র স্থাপনের কার্যক্রম চলমান রয়েছে। আইসোটোপ উৎপাদন ও চিকিৎসা ক্ষেত্রে তার প্রয়োগ, পরমাণু চিকিৎসা প্রযুক্তি নির্ভর ক্যান্সার চিকিৎসার জন্য অত্যাধুনিক পজিট্রন এমিশন টমোগ্রাফী এবং কম্পিউটেড টমোগ্রাফী (পেটসিটি) প্রযুক্তি স্থাপন, মংলা বন্দরে তেজস্ক্রিয়তা পরীক্ষণ গবেষণাগার স্থাপন, সৌর বিদ্যুৎ ও সৌর শক্তি প্রযুক্তির উপর গবেষণা, জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি ভবন নির্মাণ প্রভৃতি কার্যক্রম বাস্তবায়িত হচ্ছে। 'রূপকল্প ২০২১' এর লক্ষ্যে ও উদ্দেশ্যকে সামনে রেখে এ সকল উন্নয়ন প্রকল্পের সঠিক বাস্তবায়নের দ্বারা বাংলাদেশকে উন্নয়নের কাঙ্খিত লক্ষ্যে উন্নীত করার প্রচেষ্টা সফল হবে বলে আশা করা যায়।

সমাজকল্যাণ, মহিলা বিষয়ক ও যুব উন্নয়ন সেক্টরে ২০১৬-১৭ অর্থ বছরে ১২টি নতুন এবং ০৩ টি সংশোধিতসহ মোট ১৫ টি প্রকল্প অনুমোদিত হয়েছে। সমাজকল্যাণ, মহিলা বিষয়ক ও যুব উন্নয়ন সেক্টরের আওতায় উল্লেখযোগ্য প্রকল্পসমূহের মধ্যে রয়েছেঃ সমাজকল্যাণ সাব-সেক্টরের আওতায় সরকারী শিশু পরিবারের হোস্টেল নির্মাণ প্রকল্প, এবং প্রতিবন্ধীদের জন্য সকল সুবিধা সম্বলিত একটি কমপ্লেক্স নির্মাণ প্রকল্প বাস্তবায়িত হচ্ছে । এছাড়া প্রতিবন্ধীদের খেলাধুলার জন্য প্রতিবন্ধী ক্রীড়া কমপ্লেক্স নির্মাণের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। মহিলা বিষয়ক সাব-সেক্টরের আওতায় অর্থনৈতিক ক্ষমতায়নে নারী উদ্যোক্তাদের বিকাশ সাধন (৩য় পর্যায়) গাজীপুর জেলার কালীগঞ্জ উপজেলায় কর্মজীবী মহিলা হোস্টেল নির্মাণ এবং মিরপুর ও খিলগাঁও কর্মজীবী মহিলাদের

হোস্টেল উর্ধ্বমুখী সম্প্রসারণ ইত্যাদি শীর্ষক এটি নতুন প্রকল্প অনুমোদিত হয়েছে। যুব উন্নয়ন সাব-সেক্টরের উল্লেখযোগ্য প্রকল্প হলো কর্মসংস্থান ও আত্ন-কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে উপজেলা পর্যায়ে প্রশিক্ষণ কার্যক্রম জোরদারকরণ, ইনোভেটিভ ম্যানেজমেন্ট অব রিসোর্স ফর পোভার্টি এলিভিয়েশন থ্রু কমপ্রিহেনসিভ টেকনোলজি ইত্যাদি।

ক্রীড়া ও সংস্কৃতিসেক্টরের আওতায় ২০১৬-১৭ অর্থ বছরে ০৮ টি নতুন এবং ০৬ টি সংশোধিতসহ মোট ১৪ টি প্রকল্প অনুমোদিত হয়েছে। এ সেক্টরে উল্লেখযোগ্য প্রকল্পসমূহের মধ্যে ক্রীড়া সাব-সেক্টরের আওতায় আইসিসি অনূর্ধ্ব-১৯ ক্রিকেট বিশ্বকাপ-২০১৬ এর ভেন্যু উন্নয়ন, বিকেএসপি'র আওতায় চট্টগ্রাম ও রাজশাহীতে ক্রীড়া স্কুল প্রতিষ্ঠা, তৃণমূল পর্যায়ে ক্রীড়া প্রতিভা অন্বেষণ ও নিবিড় প্রশিক্ষণ প্রদান এবং বিকেএসপি'র বিদ্যমান ক্রীড়া সুবিধাবলীর অধিকতর উন্নয়ন, ইত্যাদি উল্লেখযোগ্য। সংস্কৃতি সাব-সেক্টরের আওতায় সংস্কৃতি কর্মকান্ডকে আরো সমৃদ্ধ করার লক্ষ্যে ১৫ জেলা শিল্পকলা একাডেমির নবায়ন, সংস্কার ও মেরামত এবং ছয়টি জেলা পাবলিক লাইব্রেরির উন্নয়ন, ''খাগড়াছড়ি ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট ভবন সম্প্রসারণ ও উন্নয়ন'' এবং গণহত্যা-নির্যাতন ও মুক্তিযুদ্ধ বিষয়ক গবেষণা কেন্দ্র সৃষ্টি শীর্ষক প্রকল্প অনুমোদিত হয়েছে।

গনসংযোগ আওতায় ২০১৬-১৭ অর্থ বছরে ০৩ টি নতুন এবং ০১ টি সংশোধিতসহ মোট ০৪ টি প্রকল্প অনুমোদিত হয়েছে। এ সেক্টরের আওতায় বাংলাদেশ বেতারের মধ্যম তরঙ্গ ট্রান্সমিটার, ডিজিটাইজেশন ও আধুনিকায়ন, বিটিভি'র সদর দপ্তর ভবন নির্মাণ, বাংলাদেশ টেলিভিশন চট্টগাম কেন্দ্রের আধুনিকায়ন ও সম্প্রসারণ ইত্যাদি বিভিন্ন প্রকল্প বাস্তবায়িত হয়েছে।

শ্রম ও কর্মসংস্থান সেক্টরে ০৪ টি নতুন এবং ০১টি সংশোধিতসহ মোট ০৫ টি প্রকল্প অনুমোদিত হয়েছে। শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের আওতায় আইএলও কর্তৃক "Improving Working Conditions in the Ready-Made Garments Sector in Bangladesh" শীর্ষক একটি প্রকল্প বাস্তবায়িত হচ্ছে। প্রকল্পটি বাস্তবায়িত হলে আইন প্রয়োগের প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধি, ভবন ও অগ্নি নিরাপত্তা উন্নয়ন সহ তৈরি পোষাক শিল্পের কর্মপরিবেশ উন্নয়ন সাধিত হবে। তৈরি পোশাক শিল্পে শিল্প-বিরোধ প্রতিরোধ করার লক্ষ্যে শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় কর্তৃক Promoting Social Dialogue and Harmonious Industrial Relations in Bangladesh Ready-Made Garment Industry প্রকল্প বাস্তবায়িত হচ্ছে ।

সরকার কর্তৃক গৃহীত দারিদ্র বিমোচনে বিভিন্ন পদক্ষেপ, প্রেক্ষিত পরিকল্পনা অনুযায়ী মানব সম্পদ উন্নয়নের মাধ্যমে উৎপাদনমূখী কর্মসংস্থানের সুযোগ সৃষ্টির লক্ষ্যে প্রায় ৪০ টি কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র স্থাপন করা হয়েছে। যে সকল জেলায় কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র নেই সে সকল জেলায় আরো ৩০ টি কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র স্থাপনের লক্ষ্যে একটি প্রকল্প বাস্তবায়নাধীন রয়েছে। এছাড়া, মেরিন সেক্টরে দেশে ও বিদেশে জনশক্তির চাহিদা বিবেচনা করে দেশের ৫টি জেলায় ৫টি মেরিন ইনস্টিটিউট স্থাপনের জন্য আরও একটি প্রকল্প বাস্তবায়নের কাজ এগিয়ে চলছে । এছাড়া পুরুষ ও নারী অভিবাসী শ্রমিকের জন্য নিরাপদ অভিবাসন নিশ্চিত করা ও মর্যাদাকর কাজের সুযোগ প্রদান করার লক্ষ্যে Application of Migration Policy for Decent Work for Migrant Workers শীর্ষক প্রকল্প হাতে নেওয়া হয়েছে।

জনসংখ্যা ও পরিবার কল্যাণ সাবসেক্টরের আওতায় বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক বিভিন্ন প্রকল্প গ্রহণ করা হয়েছে। এ সকল প্রকল্পের মধ্যে "স্ট্রেনদেনিং ক্যাপাসিটি অব বিবিএস ইন পপুলেশন এন্ড ডেমোগ্রাফিক ডাটা কালেকশন" শীর্ষক প্রকল্পটি অন্যতম। সরকারী এবং বেসরকারী তথ্য ব্যবহারকরীগণ এ প্রকল্পের তথ্য ব্যবহার করে লাভবান হবেন। অনিবন্ধিত মিয়ানমার নাগরিক সংখ্যা নির্ধারনের জন্য একটি প্রকল্প চলমান আছে। Household Income and Expenditure Survey (HIES) প্রকল্প, "মনিটরিং দ্য সিচুয়েশন অব ভাইটাল স্ট্যাটিসটিক্স অব বাংলাদেশ (MSVSB)" শীর্ষক প্রকল্প এবং "Digitization of BBS Publications and Online Secondary data collection" শীর্ষক প্রকল্প বিবিএস কর্তৃক গ্রহণ করা হয়েছে। বিবিএস কর্তৃক গ্রহীত প্রকল্পসমূহ ৭ম পঞ্চবার্ষিক পরিকল্পনা ও এসডিজির লক্ষ্যমাত্রা অর্জনে বাস্তবভিত্তিক তথ্য-উপাত্ত প্রদান করবে।

## সমস্যা ও চ্যালেঞ্জ

- উন্নয়ন পরিকল্পনা প্রণয়নে সেক্টরাল পলিসি না থাকায় প্রকল্প গ্রহণ এবং বাস্তবায়নের ক্ষেত্রে যথার্থতার ঘাটতি
- প্রকল্পে গ্রহণে প্রকল্পের সম্ভাব্যতা যাচাই এবং সার্ভে ঠিকমত না করা
- কিছু ক্ষেত্রে প্রকল্প প্রস্তাব/ডিপিপি/টিপিপি যথার্থভাবে তৈরি করার জন্য সংশ্লিষ্ট এবং কারিগরি জ্ঞানের ঘাটতি
- সীমিত সম্পদ এবং সামর্থ্যের বিবেচনায় অনেক সময় অর্থনৈতিক এবং সামাজিকভাবে কম গুরুত্বপূর্ণ প্রকল্প গ্রহণ
- পরিকল্পনা কমিশন হতে প্রকল্প পরিদর্শন কম হওয়ায় প্রকল্প বাস্তবায়নে সমস্যা এবং পরবর্তীতে সমজাতীয় প্রকল্প অনুমোদনের ক্ষেত্রে পূর্বের প্রকল্পসমূহের সমস্যা চিহ্নিতকরণে অস্পষ্টতা
- প্রকল্প প্রক্রিয়াকরণ প্রক্রিয়ায় পর্যাপ্ত লজিস্টিক্স ও জনবলের ঘাটতি।
- সংশ্লিষ্ট কর্মকর্তাদের দক্ষতা বৃদ্ধিকল্পে যথাযথ প্রশিক্ষণের অপ্রতুলতা
- প্রকল্প সংক্রান্ত বিভিন্ন সভা নির্ধারিত সময়ে ও নির্ধারিত সংখ্যায় না হওয়া ।
- প্রকল্প প্রক্রিয়াকরণে পরিপত্র কর্তৃক নির্ধারিত সময় না পাওয়া।
- কিছু ক্ষেত্রে অনভিজ্ঞ প্রকল্প পরিচালক নিয়োগ এবং সময়ে সময়ে পরিবর্তন।

## ভবিষ্যৎ পরিকল্পনা

- প্রকল্পের গ্রহণ এবং বাস্তবায়নের যথার্থতা নিশ্চিতকল্পে সেক্টরাল পলিসি প্রণয়ন
- প্রকল্পের সামাজিক এবং অর্থনৈতিক উপযোগিতা বিশ্লেষণে ট্যাকনিক্যালিটির ব্যবহার/আশ্রয় বাড়ানো
- উদ্দেশ্যের সাথে প্রকল্পের সংশ্লিষ্টতা যাচাইয়ের জন্য প্রকল্পের বিভিন্ন কার্যক্রম বিশ্লেষণে এমআইএস চালুকরণ
- জাতীয় এবং অর্থনৈতিকভাবে গুরুত্বপূর্ণ অথচ দক্ষতার ঘাটতি সম্বলিত সংস্থাসমূহকে যথার্থভাবে ডিপিপি/টিপিপি প্রণয়নে সহায়তা প্রদান
- বিভিন্ন গুরুত্বপূর্ণ প্রকল্প পরিদর্শন এবং অত্র বিভাগে প্রকল্প অগ্রগতি/সমস্যা ইত্যাদি বিষয়ে সভা/সেমিনার আয়োজন।
- কর্মকর্তাদের দক্ষতা বৃদ্ধিকল্পে যথাযথ প্রশিক্ষন ও ওয়ার্কশপের ব্যবস্থাকরণ ।

### ২০১৬-১৭ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ (সেক্টর হতে নিম্নলিখিত ক্ষেত্রে ইনপুট প্রদান)

- অন্যান্য মন্ত্রণালয়/বিভাগ, সংস্থা'র বিভিন্ন পলিসি প্রণয়নে মতামতসহ সহায়তা প্রদান
- এসডিজি এবং ৭ম পঞ্চবার্ষিক পরিকল্পনার বাৎসরিক লক্ষ্য ও উদ্দেশ্য অর্জনে সহায়ক ভূমিকা পালন
- ৭ম পঞ্চবার্ষিক পরিকল্পনা অনুযায়ী প্রকল্পে গ্রহণে পরামর্শ প্রদান এবং নিশ্চিতকরণ
- আরএডিপি/এডিপি প্রণয়ণে সহায়তা প্রদান
- সামাজিক ও অর্থনৈতিক উন্নয়ন গবেষণা কার্যক্রমে সহায়তা প্রদান
- প্রকল্প প্রক্রিয়াকরণ, মূল্যায়ন ও অনুমোদনের জন্য উপস্থাপন।

# উপক্রমনিকা (Preamble)

সরকারি দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০২১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

পরিকল্পনা কমিশনের আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগের দায়িত্বে নিয়োজিত সদস্য

এবং

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় পরিকল্পনা মন্ত্রীর প্রতিনিধি হিসেবে সচিব, পরিকল্পনা বিভাগ-এর মধ্যে ২০১৭ সালের ..জুন.. মাসের ......২২......তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হলো।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

সেকশন ১

মন্ত্রণালয়/বিভাগের রূপকল্প, অভিলক্ষ্য, কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলী

১.১. রূপকল্প:

একটি উন্নত, আধুনিক ও সমৃদ্ধ দেশে উত্তরণের লক্ষ্যে টেকসই, সমন্বয়বদ্ধ ও কার্যকর আর্থ-সামাজিক উন্নয়ন পরিকল্পনা।

১.২. অভিলক্ষ্য:

অংশগ্রহণমূলক জাতীয় উন্নয়ন পরিকল্পনা, নীতিমালা, কৌশল এবং কার্যকর সম্পদ ব্যবস্থাপনার মাধ্যমে টেকসই সর্বাঙ্গীন উন্নয়ন নিশ্চিতকল্পে বিভিন্ন প্রতিষ্ঠান/মন্ত্রণালয়/বিভাগ/সংস্থাসমূহকে সহায়তা প্রদান।

১.৩. কৌশলগত উদ্দেশ্যসমূহ:

(১) জাতীয় উন্নয়ন পরিকল্পনার আলোকে উন্নয়ন প্রকল্পের অনুমোদন ত্বরান্বিতকরণ
(২) জাতীয় উন্নয়ন নীতি ও পরিকল্পনা প্রণয়নে সহায়তা

১.৩.২. আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহঃ

১. দক্ষতার সাথে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন
২. প্রশাসনিক সংস্কার ও নৈতিকতার উন্নয়ন
৩. তথ্য অধিকার ও স্বপ্রণোদিত তথ্য প্রকাশ বাস্তবায়ন
৪. উদ্ভাবন ও অভিযোগ প্রতিকারের মাধ্যমে সেবার মানোন্নয়ন
৫. আর্থিক ব্যবস্থাপনার উন্নয়ন

১.৪. কার্যাবলি

১.৪.১ বার্ষিক উন্নয়ন কর্মসূচী প্রণয়নে সহায়তা
১.৪.২ সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচী প্রণয়নে সহায়তা
১.৪.৩ জাতীয় সংসদ এবং মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটিতে উন্নয়ন প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি অবহিতকরণ
১.৪.৪ জিইডি/পরিকল্পনা বিভাগ কর্তৃক প্রণয়াধীন বিভিন্ন পলিসি/রিপোর্ট প্রকাশে সেক্টরাল ইনপুট
১.৪.৫ বিভিন্ন বিভাগ/সংস্থা/মন্ত্রণালয় কর্তৃক রিপোর্ট/চুক্তি ইত্যাদির উপর মতামত প্রদান
১.৪.৬ এসডিজি বাস্তবায়নে বিভিন্ন ইনপুট প্রদানসহ বিভিন্ন ধরনের সহায়তা প্রদান
১.৪.৭ বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ থেকে প্রাপ্ত উন্নয়ন প্রকল্প প্রস্তাব নিষ্পত্তির নিমিত্ত প্রক্রিয়া করা
১.৪.৮. প্রকল্পের অনুকূলে এডিপিতে বরাদ্দকৃত অর্থের পুনঃউপযোজন/ব্যয়খাত সংশোধন;
১.৪.৯ পিইসি. ডিপিইসি, এসপিইসি, ডিএসপিইসি, প্রকল্প স্টিয়ারিং কমিটি, প্রকল্প বাস্তবায়ন কমিটির সভায় যোগদান ও মতামত/পরামর্শ প্রদান;

সেকশন ২ :

মন্ত্রণালয়/বিভাগের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact) :

| চূড়ান্ত ফলাফল/প্রভাব | কার্যসম্পাদন সূচকসমূহ | একক | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা ২০১৭-১৮ | প্রক্ষেপণ | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/সংস্থাসমূহের নাম | উপাত্তসূত্র |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০১৫-১৬ | ২০১৬-১৭* | | ২০১৮-১৯ | ২০১৯-২০ | | |
| জাতীয় উন্নয়ন পরিকল্পনা দলিলের সাথে সামঞ্জস্যপূর্ণ প্রকল্প গ্রহণ | সামঞ্জস্যপূর্ণ প্রকল্পের হার | % | ৯৪% | ৯৫% | ৯৬% | ৯৭% | ৯৭% | পরিকল্পনা বিভাগ, অর্থ বিভাগ, ইআরডি, আইএমইডি, বিবিএস, পরিকল্পনা কমিশন, অন্যান্য মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা যারা প্রকল্প প্রণয়ন এবং বাস্তবায়নের সাথে জড়িত। | পরিকল্পনা কমিশন ও পরিকল্পনা বিভাগের বার্ষিক প্রতিবেদন, আইএমইডি প্রতিবেদন। |
| প্রকল্প অনুমোদন প্রক্রিয়া দ্রুততা বৃদ্ধি | গড় সময় হ্রাস | দিন | ৬০ | ৬০ | ৬০ | ৬০ | ৬০ | পরিকল্পনা বিভাগ, অর্থ বিভাগ, ইআরডি, আইএমইডি, পরিকল্পনা কমিশন, অন্যান্য মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা যারা প্রকল্প প্রণয়ন এবং বাস্তবায়নের সাথে জড়িত। | পরিকল্পনা কমিশন ও পরিকল্পনা বিভাগের বার্ষিক প্রতিবেদন |
| কার্যকরী পলিসি গ্রহণ/গ্রহণে সহায়তার উদ্দেশ্যে মতামত প্রদান | গড় সময় হ্রাস | দিন | ১৮ | ১৬ | ১৫ | ১৪ | ১২ | পরিকল্পনা কমিশন, পলিসি প্রণয়ন/গ্রহণকারী বিভিন্ন সংস্থা। জাতীয় উন্নয়ন পলিসি তৈরির ক্ষেত্রে পরিকল্পনা কমিশন মূলত দায়িত্বপ্রাপ্ত | |

*সাময়িক (provisional) তথ্য

** যদিও প্রকল্পের প্রভাব মূল্যায়ন/নিরূপনের বিষয়টি উপকারভোগীদের সাথে সরাসরি সংশ্লিষ্ট, যা মন্ত্রণালয় ও সংস্থা করে থাকে বা তাদের দায়িত্ব। প্রভাব সংক্রান্ত কার্যাদি পরিকল্পনা কমিশনের সেক্টর ডিভিশনের সরাসরি আওতাভুক্ত নয়।

## সেকশন ৩ : কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৭-১৮ Target/Criteria Value for FY 2016-17) | | | | | প্রক্ষেপণ ২০১৮-১৯ | প্রক্ষেপণ ২০১৯-২০ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০১৫-১৬ | ২০১৬-১৭* | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| মন্ত্রণালয়/বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| জাতীয় উন্নয়ন পরিকল্পনার আলোকে উন্নয়ন প্রকল্পের অনুমোদন ত্বরান্বিতকরণ | ৫০ | ১.১. প্রকল্প প্রক্রিয়াকরণ, মূল্যায়ন ও অনুমোদন | ১.১.১ প্রক্রিয়াকৃত প্রকল্পের শতকরা হার | সংখ্যা এবং শতকরা | ২০ | ৯৭ | ৯৬ | ৯৩ | ৯১ | ৮৯ | ৮৫ | ৮১ | ৯৪ | ৯৪ |
| | | | ১.১.২ পিইসি/এসপিইসি আয়োজন | সংখ্যা এবং শতকরা | ১০ | ৯৬ | ৯১ | ৯২ | ৯০ | ৮৮ | ৮০ | ৭৬ | ৯৩ | ৯৪ |
| | | | ১.১.৩ চূড়ান্ত অনুমোদনের জন্য পেশ | সংখ্যা এবং শতকরা | ৯ | ৯৮ | ৮৫ | ৯৪ | ৯২ | ৮৪ | ৮০ | ৭৬ | ৯৫ | ৯৬ |
| | | ১.২. প্রকল্প সম্পর্কিত বিভিন্ন সভা | ১.২.১ অংশগ্রহনকৃত সভা (শতকরা) | সংখ্যা এবং শতকরা | ৫ | ৮৭ | ৮৭ | ৯২ | ৮৭ | ৮২ | ৮০ | ৭৬ | ৯২ | ৯৪ |
| | | ১.৩. অর্থছাড়, ব্যয়খাত সংশোধন, পুনঃউপযোজন এর প্রস্তাব নিষ্পত্তি | ১.৩.১ প্রক্রিয়াকরণের শতকরা হার | সংখ্যা এবং শতকরা | ৩ | ৯৫ | ৯৫ | ৯৪ | ৯২ | ৯০ | ৮৬ | ৮০ | ৯৫ | ৯৬ |
| | | ১.৪. প্রকল্পের মেয়াদ বৃদ্ধি প্রক্রিয়াকরণ | ১.৪.১ প্রক্রিয়াকরণের শতকরা হার | সংখ্যা এবং শতকরা | ৩ | ৯৫ | ৮৬ | ৯৪ | ৯২ | ৯০ | ৮৬ | ৮০ | ৯৫ | ৯৬ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৭-১৮ Target /Criteria Value for FY 2016-17) | | | | | প্রক্ষেপণ ২০১৮-১৯ | প্রক্ষেপণ ২০১৯-২০ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০১৫-১৬ | ২০১৬-১৭* | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| | | | | | | | | | | | | | | |
| জাতীয় উন্নয়ন নীতি ও পরিকল্পনা প্রণয়নে সহায়তা | ৩০ | ২.১. সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচী প্রণয়নে সহায়তা | ২.১.১ সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচী প্রকাশিত | কার্যদিবস | ৭ | ৫ | ৫ | ৫ | ৭ | ৯ | ১১ | ১৩ | ৫ | ৪ |
| | | ২.২. বার্ষিক উন্নয়ন কর্মসূচী প্রণয়নে সহায়তা | বার্ষিক উন্নয়ন কর্মসূচী প্রকাশিত | কার্যদিবস | ৭ | ১০ | ১০ | ১০ | ১২ | ১৪ | ১৬ | ১৮ | ১০ | ৯ |
| | | ২.৩. জাতীয় সংসদ এবং মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটিতে উন্নয়ন প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি অবহিতকরণ | ২.৩.১ প্রশ্নোত্তর ও তথ্য প্রেরিত | কার্যদিবস | ৩ | ২ | ২ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ২ | ২ |
| | | ২.৪ জিইডি/পরিকল্পনা বিভাগ কর্তৃক প্রণয়নাধীন বিভিন্ন পলিসি/রিপোর্ট প্রকাশে সেক্টরাল ইনপুট | ২.৪.১ মতামত প্রেরিত | কার্যদিবস | ৩ | ১৬ | ১৪ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৩ | ৩ |
| | | ২.৫ বিভিন্ন বিভাগ/সংস্থা/মন্ত্রণালয় কর্তৃক রিপোর্ট/চুক্তি ইত্যাদির উপর মতামত প্রদান | ২.৫.১ মতামত প্রেরিত | কার্যদিবস | ৪ | ১৭ | ১৪ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৩ | ৩ |
| | | | ২.৫.২ পরিবীক্ষণ প্রতিবেদন দাখিলকৃত | সংখ্যা | ১ | | | ৪০ | ৩৫ | ৩০ | ২৫ | ২০ | ৩৫ | ৩৫ |
| | | ২.৬. এসডিজি সংক্রান্ত ইনপুট প্রদান | ২.৬.১ ইনপুট প্রেরিত | দিন | ৪ | - | - | ১৪ | ১৭ | ১৮ | ২১ | ২২ | ১৪ | ১৩ |
| | | ২.৭ বরাদ্দ উপযোজন/ব্যয় | ২.৭.১ পুনঃ উপযোজন/ব্যয় খাত সংশোধিত | হার | ১ | | | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | ৯৫ | ৯৬ |

*সাময়িক (provisional) তথ্য

# দপ্তর/সংস্থার আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ

## (মোট নম্বর - ২০)

| কলাম-১ | কলাম-২ | কলাম-৩ | কলাম-৪ | | কলাম-৫ | কলাম-৬ | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicator) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of PI) | লক্ষ্যমাত্রার মান -২০১৭-১৮ | | | | |
| | | | | | | অসাধারণ (Excellent) | অতি উত্তম (Very Good) | উত্তম (Good) | চলতি মান (Fair) | চলতিমানের নিম্নে (Poor) |
| | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% |
| দক্ষতার সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন | ৪ | ২০১৭-১৮ অর্থবছরের খসড়া বার্ষিক কর্মসম্পাদন চুক্তি দাখিল | নির্ধারিত সময়সীমার মধ্যে খসড়া চুক্তি মন্ত্রণালয়/বিভাগে দাখিলকৃত | তারিখ | .৫ | ১৯ এপ্রিল | ২৩ এপ্রিল | ২৫ এপ্রিল | ২৬ এপ্রিল | ২৭ এপ্রিল |
| | | মাঠপর্যায়ের কার্যালয়সমূহের সঙ্গে ২০১৭-১৮ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষর | নির্ধারিত সময়সীমার মধ্যে চুক্তি স্বাক্ষরিত | তারিখ | ১ | ১৫ জুন | ১৮ জুন | ১৯জুন | ২০ জুন | ২১ জুন |
| | | ২০১৬-১৭ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির মূল্যায়ন প্রতিবেদন দাখিল | নির্ধারিত তারিখে মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত | তারিখ | ১ | ১৬ জুলাই | ১৮ জুলাই | ১৯ জুলাই | ২০ জুলাই | ২৩ জুলাই |
| | | ২০১৭-১৮ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির বাস্তবায়ন পরিবীক্ষণ | ত্রৈমাসিক প্রতিবেদন দাখিলকৃত | সংখ্যা | .৫ | ৪ | ৩ | - | - | - |
| | | ২০১৭-১৮ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন দাখিল | নির্ধারিত তারিখে অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত | তারিখ | ১ | ১৪ জানুয়ারি | ১৬ জানুয়ারি | ১৮ জানুয়ারি | ২১ জানুয়ারি | ২২ জানুয়ারি |
| কার্যপদ্ধতি ও সেবার মানোন্নয়ন | ৯ | ই-ফাইলিং পদ্ধতি বাস্তবায়ন | ই-ফাইলে নথি নিষ্পত্তিকৃত | % | ১ | ৪০ | ৩৫ | ৩০ | ২৫ | ২০ |
| | | ইউনিকোড ব্যবহার নিশ্চিত করা | ইউনিকোড ব্যবহার নিশ্চিতকৃত | % | .৫ | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ |
| | | পিআরএল শুরুর ২ মাস পূর্বে সংশ্লিষ্ট কর্মচারীর পিআরএল ও ছুটি নগদায়ন যুগপৎ জারি নিশ্চিতকরণ | পিআরএল ও ছুটি নগদায়ন যুগপৎ জারিকৃত | % | .৫ | ১০০ | ৯০ | ৮০ | - | - |
| | | সিটিজেন্স চার্টার অনুযায়ী সেবা প্রদান | প্রকাশিত সিটিজেন্স চার্টার অনুযায়ী সেবা প্রদানকৃত | % | ১ | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ |
| | | অভিযোগ প্রতিকার ব্যবস্থা বাস্তবায়ন | নিষ্পত্তিকৃত অভিযোগ | % | ১ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | ৫০ |
| | | সেবার মান সম্পর্কে সেবাগ্রহীতাদের মতামত পরিবীক্ষণের ব্যবস্থা চালু করা | সেবার মান সম্পর্কে সেবাগ্রহীতাদের মতামত পরিবীক্ষণের ব্যবস্থা চালুকৃত | % | ১ | ৮০ | ৭৫ | ৭০ | ৬৫ | ৬০ |
| | | দপ্তর/সংস্থায় কমপক্ষে দুইটি অনলাইন সেবা চালু করা | কমপক্ষে দুইটি অনলাইন সেবা চালুকৃত | তারিখ | ১ | ৩১ ডিসেম্বর | ৩১ জানুয়ারি | ২৮ ফেব্রুয়ারি | - | - |
| | | দপ্তর/সংস্থার কমপক্ষে ৩ টি সেবাপ্রক্রিয়া সহজীকৃত | কমপক্ষে ৩টি সেবাপ্রক্রিয়া সহজীকৃত | তারিখ | ১ | ৩১ ডিসেম্বর | ৩১ জানুয়ারি | ২৮ ফেব্রুয়ারি | ১৫ মার্চ | - |
| | | দপ্তর/সংস্থা ও অধীনস্থ কার্যালয়সমূহের উদ্ভাবনী উদ্যোগ ও Small Improvement Project (SIP) বাস্তবায়ন | উদ্ভাবনী উদ্যোগ ও SIP-সমূহের ডাটাবেজ প্রস্তুতকৃত | তারিখ | ১ | ৪ জানুয়ারি | ১১ জানুয়ারি | ১৮ জানুয়ারি | ২৫ জানুয়ারি | ৩১জানুয়ারি |
| | | | উদ্ভাবনী উদ্যোগ ও SIP রেপ্লিকেটেড | সংখ্যা | ১ | ২৫ | ২০ | ১৫ | ১০ | |
| আর্থিক ব্যবস্থাপনার উন্নয়ন | ৩ | অডিট আপত্তি নিষ্পত্তি | অডিট আপত্তি নিষ্পত্তিকৃত | % | ১ | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ |

| কলাম-১ | কলাম-২ | কলাম-৩ | কলাম-৪ | | কলাম-৫ | কলাম-৬ | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicator) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of PI) | লক্ষ্যমাত্রার মান -২০১৭--১৮ | | | | |
| | | | | | | অসাধারণ (Excellent) | অতি উত্তম (Very Good) | উত্তম (Good) | চলতি মান (Fair) | চলতিমানের নিম্নে (Poor) |
| | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% |
| | | | | | | | | | | |
| | | স্থাবর/অস্থাবর সম্পত্তির হালনাগাদ তালিকা প্রস্তুত করা | স্থাবর সম্পত্তির হালনাগাদ তালিকা | তারিখ | ১ | ১ ফেব্রুয়ারি | ১৫ ফেব্রুয়ারি | ২৮ ফেব্রুয়ারি | ২৮ মার্চ | ১৫ এপ্রিল |
| | | | অস্থাবর সম্পত্তির হালনাগাদ তালিকা | তারিখ | .৫ | ১ ফেব্রুয়ারি | ১৫ ফেব্রুয়ারি | ২৮ ফেব্রুয়ারি | ২৮ মার্চ | ১৫ এপ্রিল |
| | | দপ্তর/সংস্থায় কল্যাণ কর্মকর্তা নিয়োগ করা | কল্যাণ কর্মকর্তা নিয়োগকৃত ও ওয়েব সাইটে প্রকাশিত | তারিখ | .৫ | ১৫ অক্টোবর | ২৯অক্টোবর | ১৫ নভেম্বর | ৩০ নভেম্বর | ১৪ ডিসেম্বর |
| দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন | ২ | সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনা সংক্রান্ত প্রশিক্ষণসহ বিভিন্ন বিষয়ে কর্মকর্তা/কর্মচারীদের জন্য প্রশিক্ষণ আয়োজন | প্রশিক্ষণের সময় | জনঘণ্টা | ১ | ৬০ | ৫৫ | ৫০ | ৪৫ | ৪০ |
| | | জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন | ২০১৭-১৮ অর্থবছরের শুদ্ধাচার বাস্তবায়ন কর্মপরিকল্পনা এবং বাস্তবায়ন পরিবীক্ষণ কাঠামো প্রণীত ও দাখিলকৃত | তারিখ | .৫ | ১৩ জুলাই | ৩১ জুলাই | - | - | - |
| | | | নির্ধারিত সময়সীমার মধ্যে ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন দাখিলকৃত | সংখ্যা | .৫ | ৪ | ৩ | - | - | - |
| তথ্য অধিকার ও স্বপ্রণোদিত তথ্য প্রকাশ বাস্তবায়ন | ২ | তথ্য বাতায়ন হালনাগাদকরণ | তথ্য বাতায়ন হালনাগাদকৃত | % | .৫ | ১০০ | ৯০ | ৮৫ | ৮০ | ৭৫ |
| | | স্বপ্রণোদিত তথ্য প্রকাশ | স্বপ্রণোদিত তথ্য প্রকাশিত | % | .৫ | ১০০ | ৯০ | ৮৫ | ৮০ | ৭৫ |
| | | বার্ষিক প্রতিবেদন প্রণয়ন ও প্রকাশ | বার্ষিক প্রতিবেদন ওয়েবসাইটে প্রকাশিত | তারিখ | ১ | ১৫ অক্টোবর | ২৯ অক্টোবর | ১৫ নভেম্বর | ৩০ নভেম্বর | ১৪ ডিসেম্বর |

আমি, সদস্য, আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন -এর প্রধান হিসেবে মাননীয় পরিকল্পনা মন্ত্রীর প্রতিনিধি তথা সচিব, পরিকল্পনা বিভাগের নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি, সচিব, পরিকল্পনা বিভাগ, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় পরিকল্পনা মন্ত্রীর প্রতিনিধি হিসেবে সদস্য, আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন -এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সংশ্লিষ্ট বিভাগকে সর্বাত্মক সহোযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিতঃ

১২/৬/২০১৭

সদস্য
আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগ
পরিকল্পনা কমিশন

তারিখ

১২.০৬.১৭

সচিব
পরিকল্পনা বিভাগ

তারিখ

## সংযোজনী -১

### শব্দসংক্ষেপ

| ক্রমিক নং | শব্দসংক্ষেপ | বিবরণ |
| --- | --- | --- |
| ১ | এনইসি | ন্যাশনাল ইকনমিক কাউন্সিল |
| ২ | ডিপিইসি | ডিপার্টমেন্টাল প্রজেক্ট ইভাল্যুশন কমিটি |
| ৩ | ডিএসপিইসি | ডিপার্টমেন্টাল স্পেশাল প্রজেক্ট ইভাল্যুশন কমিটি |
| ৪ | জিইডি | জেনারেল ইকনমিক ডিভিশন |
| ৫ | এসইআইডি | সোসিও-ইকনমিক ইনফ্রাসট্রাকচার ডিভিশন |
| ৬ | ইআরডি | ইকনমিক রিলেশনস ডিভিশন |
| ৭ | পিইসি | প্রজেক্ট ইভাল্যুশন কমিটি |
| ৮ | এসপিইসি | স্পেশাল প্রজেক্ট ইভাল্যুশন কমিটি |
| ৯ | এডিপি | এনুয়্যাল ডেভলপমেন্ট প্রোগ্রাম |
| ১০ | আরএডিপি | রিভাইজড এনুয়্যাল ডেভলপমেন্ট প্রোগ্রাম |

সংযোজনী- ২: কর্মসম্পাদন সূচকসমূহবিভাগ এবং পরিমাপ পদ্ধতির /সংস্থা/বাস্তবায়নকারী মন্ত্রণালয়/ বিবরণ

| ক্রমিক নং | কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী সংস্থা/দপ্তর | পরিমাপ পদ্ধতি এবং উপাত্তসূত্র | সাধারণ মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১ | সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচী প্রণয়নে সহায়তা | সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচী প্রকাশিত | প্রকল্পের চাহিদা এবং সীমাবদ্ধতার উপর ভিত্তি করে সংশোধিত এডিপি প্রণয়ন | আলোচ্য বিভাগ এবং কার্যকম বিভাগ | পরিকল্পনা বিভাগ/কমিশনের বার্ষিক প্রতিবেদন | |
| ২ | বার্ষিক উন্নয়ন কর্মসূচী প্রণয়নে সহায়তা | বার্ষিক উন্নয়ন কর্মসূচী প্রকাশিত | প্রকল্পের চাহিদা এবং সীমাবদ্ধতার উপর ভিত্তি করে এডিপি প্রণয়ন | আলোচ্য বিভাগ এবং কার্যকম বিভাগ | পরিকল্পনা বিভাগ/কমিশনের বার্ষিক প্রতিবেদন | |
| ৩ | ১.৩. বার্ষিক উন্নয়ন কর্মসূচী/সংশোধিত উন্নয়ন কর্মসূচী ইত্যাদি পর্যলোচনায় সহায়তা প্রদান | অনুষ্ঠিত সভা | প্রকল্পের চাহিদা এবং সীমাবদ্ধতার বিবেচনাকল্পে বিভিন্ন পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয় | আলোচ্য বিভাগ এবং কার্যকম বিভাগ | পরিকল্পনা বিভাগ/কমিশনের বার্ষিক প্রতিবেদন | |
| ৪ | জিইডি/পরিকল্পনা বিভাগ কর্তৃক প্রণয়াধীন বিভিন্ন পলিসি/রিপোর্ট প্রকাশে সেক্টরাল ইনপুট | জিইডি/পরিকল্পনা বিভাগ কর্তৃক প্রণয়াধীন বিভিন্ন পলিসি/রিপোর্ট প্রকাশিত | উন্নয়ন সংক্রান্ত বিভিন্ন পলিসি পরিকল্পনা কমিশন//পরিকল্পনা বিভাগ কর্তৃক প্রকাশিত হয় | আলোচ্য বিভাগ , জিইডি এবং পরিকল্পনা বিভাগ | পরিকল্পনা বিভাগ/কমিশনের বার্ষিক প্রতিবেদন | |
| ৫ | বিভিন্ন বিভাগ/সংস্থা/মন্ত্রণালয় কর্তৃক রিপোর্ট/চুক্তি ইত্যাদির উপর মতামত প্রদান | বিভিন্ন বিভাগ/সংস্থা/মন্ত্রণালয় কর্তৃক রিপোর্ট/চুক্তি ইত্যাদি গ্রহণ সম্পন্ন | ঋণ, বিভিন্ন উন্নয়ন ইস্যু, বৈদেশিক চুক্তি ইত্যাদি বিষয়ে বিভিন্ন বিভাগ/সংস্থা/মন্ত্রণালয় জড়িত থাকে এবং বিভিন্ন বিষয় পর্যালোচনা করা হয় | আলোচ্য বিভাগ এবং সংশ্লিষ্ট সরকারী বিভাগ/সংস্থা/মন্ত্রণালয় | পরিকল্পনা বিভাগ/কমিশনের বার্ষিক প্রতিবেদন | |
| ৬ | এসডিজি সংক্রান্ত ইনপুন প্রদান | ইনপুট প্রেরিত | বিভিন্ন সেক্টর ভিত্তিক তথ্য, | সংশ্লিষ্ট সেক্টর, | জিইডি/মন্ত্রণালয়/পরিকল্পনা কমিশনের বিভিন্ন | |

| ক্রমিক নং | কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী সংস্থা/দপ্তর | পরিমাপ পদ্ধতি এবং উপাত্তসূত্র | সাধারণ মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| | | | পরামর্শ প্রদান করা হয়ে | জিইডি, মন্ত্রণালয় | প্রতিবেদন/ডাটা | |
| ৭ | প্রকল্প প্রক্রিয়াকরণ, মূল্যায়ন ও অনুমোদন | প্রক্রিয়াকৃত প্রকল্পের হার | প্রকল্প অনুমোদন প্রক্রিয়াকরণের জন্য সংশ্লিষ্ট সেক্টরের আওতাধীন মন্ত্রণালয়সমূহ হতে প্রকল্প প্রস্তাব আলোচ্য বিভাগে প্রেরণ করা হয় | আলোচ্য বিভাগ এবং সংশ্লিষ্ট মন্ত্রণালয় | পরিকল্পনা বিভাগ/কমিশনের বার্ষিক প্রতিবেদন | |
| ৮ | | পিইসি/এসপিইসি আয়োজন | মন্ত্রণালয়সমূহ হতে প্রেরিত প্রকল্প প্রস্তাবের উপর পিইসি/এসপিইসি আয়োজন করা হয় | আলোচ্য বিভাগ এবং সভায় আমন্ত্রিত প্রতিনিধিগণ | পরিকল্পনা বিভাগ/কমিশনের বার্ষিক প্রতিবেদন | |
| ৯ | | চূড়ান্ত অনুমোদনের জন্য পেশ | সভার সিদ্ধান্ত অনুযায়ী প্রকল্প চূড়ান্ত অনুমোদনের জন্য পরিকল্পনা মন্ত্রী অথবা একনেকে প্রেরণ করা হয় | আলোচ্য বিভাগ এবং পরিকল্পনা মন্ত্রীর দপ্তর/একনেক | পরিকল্পনা বিভাগ/কমিশনের বার্ষিক প্রতিবেদন | |
| ১০ | প্রকল্প সম্পর্কিত বিভিন্ন সভা | অংশগ্রহনকৃত সভা | উন্নয়ন প্রকল্ সংক্রান্ত বিভিন্ন সভা মন্ত্রণালয়/সংস্থায় আয়োজন করা হয় এবং সেখানে পরিকল্পনা কমিশনের কর্মকর্তাগণ আমন্ত্রিত হন | আলোচ্য বিভাগের সংশ্লিষ্ট আমন্ত্রণপ্রাপ্ত কর্মকর্তা এবং সংশ্লিষ্ট মন্ত্রণালয়/সংস্থা | পরিকল্পনা বিভাগ/কমিশনের বার্ষিক প্রতিবেদন | |

| ক্রমিক নং | কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী সংস্থা/দপ্তর | পরিমাপ পদ্ধতি এবং উপাত্তসূত্র | সাধারণ মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১১ | অর্থছাড়, ব্যয়খাত সংশোধন, পুনঃউপযোজন এর প্রস্তাব নিষ্পত্তি | প্রক্রিয়াকরণের শতকরা হার | মন্ত্রণালয়সমূহ হতে প্রেরিত এ সংক্রান্ত প্রস্তাবসমূহ সেক্টর পর্যায়ে নিষ্পত্তি করা হয় | পরিকল্পনা কমিশনের সংশ্লিষ্ট সেক্টর, মন্ত্রণালয় | পরিকল্পনা কমিশনের মাসিক রিপোর্ট | |
| ১২ | প্রকল্পের মেয়াদ বৃদ্ধি প্রক্রিয়াকরণ | প্রক্রিয়াকরণের শতকরা হার | | | পরিকল্পনা কমিশনের মাসিক রিপোর্ট | |

সংযোজনী ৩: অন্যান্য মন্ত্রণালয়/বিভাগের/অধিদপ্তর/সংস্থা-এর নিকট প্রত্যাশিত সুনির্দিষ্ট কর্মসম্পাদন সহায়তাসমূহ

| প্রতিষ্ঠানের ধরন | প্রতিষ্ঠানের নাম | সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচক | উক্ত প্রতিষ্ঠানের নিকট সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের প্রত্যাশিত সহায়তা | প্রত্যাশার যৌক্তিকতা | উক্ত প্রতিষ্ঠানের নিকট প্রত্যাশার মাত্রা | প্রত্যাশা পূরণ না হলে সম্ভাব্য প্রভাব |
|---|---|---|---|---|---|---|
| মন্ত্রণালয় | অর্থ বিভাগ | সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচী প্রকাশিত | দীর্ঘ ও মধ্যমেয়াদি উন্নয়ন পরিকল্পনা এবং মন্ত্রণালয়সমূহের বাজেট কাঠামোর আলোকে অর্জনযোগ্য উন্নয়ন প্রকল্প সমন্বয়ে সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচি যথাযথভাবে প্রণয়নের জন্য চাহিদা মোতাবেক তথ্য এবং সম্পদের লভ্যতা জানা প্রয়োজন। দীর্ঘ ও মধ্যমেয়াদী উন্নয়ন পরিকল্পনার সাথে সামঞ্জস্যতা নিশ্চিত করে উন্নয়ন লক্ষ্যমাত্রা অর্জনে বার্ষিক উন্নয়ন কর্মসূচী যথাযথভাবে প্রণয়নের স্বার্থে চাহিদা মোতাবেক তথ্য প্রয়োজন। | উক্ত তথ্যউপাত্ত ছাড়া - বার্ষিক উন্নয়ন কর্মসূচী সঠিকভাবে পূরণ করা সম্ভব নয় | ৮০% | বার্ষিক উন্নয়ন কর্মসূচীতে মন্ত্রনালয়ের চাহিদা প্রয়োজনীয়তার ভিত্তিতে প্রতিফলন করা সম্ভব হবেনা |
| মন্ত্রণালয় | আর্থসামাজিক - অবকাঠামো বিভাগ সংশ্লিষ্ট মন্ত্রণালয়সমূহ | সংশোধিত / বার্ষিক উন্নয়ন কর্মসূচীর প্রকাশের জন্য প্রয়োজনীয় উপাত্ত প্রাপ্তি | সংশোধিতবার্ষিক উন্নয়ন কর্মসূচীর প্রকাশের / জন্য প্রয়োজনীয়উপাত্ত সঠিক সম<br><br>য়ে প্রদান | উক্ত তথ্যউপাত্ত ছাড়া - বার্ষিক উন্নয়ন কর্মসূচী সঠিকভাবে পূরণ করা সম্ভব নয় | ৮০% | বার্ষিক উন্নয়ন কর্মসূচীতে মন্ত্রনালয়ের চাহিদা প্রয়োজনীয়তার ভিত্তিতে প্রতিফলন করা সম্ভব হবেনা |
| বিভাগ | ইআরডি | সংশোধিত / বার্ষিক উন্নয়ন কর্মসূচীর প্রকাশের জন্য প্রয়োজনীয় উপাত্ত প্রাপ্তি | বাজেট কাঠামোর আলোকে অর্জনযোগ্য উন্নয়ন প্রকল্প সমন্বয়ে সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচি যথাযথভাবে প্রণয়নের জন্য চাহিদা মোতাবেক তথ্য এবং বৈদেশিক সম্পদের লভ্যতা জানা প্রয়োজন। | বৈদেশিক সাহায্যের সম্ভাব্য প্রাপ্তির তথ্য-উপাত্ত ছাড়া বার্ষিক উন্নয়ন কর্মসূচী সঠিকভাবে পূরণ করা যথাযথ হবেনা | ৮০% | বার্ষিক উন্নয়ন কর্মসূচীতে মন্ত্রনালয়ের চাহিদা প্রয়োজনীয়তার ভিত্তিতে প্রতিফলন করা সম্ভব হবেনা |